সংবাদ

তারিখ ... 29।8।80 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...



# পরলোকে শিবরাম চক্রবর্তী

বাংলা সাহিত্যের আনন্দ ও হাসির অফুরান উৎস শিবরাম চক্রবর্তী গতকাল বৃহস্পতিবার অপরাহ্নে কলকাতার একটি হাসপাতালে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

শিবরাম চক্রবর্তী প্রায় সারা জীবন মধ্য কলকাতার একটি মেসে কাটিয়েছেন। ঐ মেসেই তাঁর সাহিত্য জীবন শুরু এবং শেষ।

গতকাল তিনি দু'বার হৃদরোগে আক্রান্ত হন এবং শেষ পর্যন্ত ঐ রোগেই তিনি মারা যান। তাঁর 'মস্কো বনাম পণ্ডিচেরী'

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## পরলোকে শিবরাম

(১ম পাতার পর)

নামক প্রবন্ধ গ্রন্থটি সে সময় বিতর্কের ঝড় তুলেছিল। তিনি কবিতাও লিখেছেন। কবিতা গ্রন্থের নাম "মানুষ"। তিনি নাটকও লিখেছেন 'একদিন যারা কথা বলবে' এই শিরোনামে। একটি দৈনিক পত্রিকার কলামিষ্ট হিসেবে 'অন্নবিস্তর' শিরো নামে সমকালীন ঘটনাবলী সম্পর্কে তার তিক্ত ভাষায় মন্তব্য বহুখ্যাতি অর্জন করেছে। তিনি নিজেকে নিয়েও কৌতুক করেছেন। নিজের নাম লিখেছেন শিব্রাম চকরবর্তী।